

১১ ৪

ছাত্র ইউনিয়নের ৫০ বছরপূর্তি উৎসব  
জা.বিতে আজ আলোচনা  
সভা ও নাট্যানুষ্ঠান

জা.বি সংবাদদাতা : ছাত্র ইউনিয়নের ৫০ বছর পূর্তি উপলক্ষে ছাত্র ইউনিয়ন জা.বি শাখা আয়োজিত বছরব্যাপী অনুষ্ঠানের প্রথম পর্ব ১২ই মে উদ্বোধন করেছেন বাংলাদেশ ছাত্র ইউনিয়নের সাবেক সভাপতি এবং সুবর্ণ জয়ন্তী উদযাপন কেন্দ্রীয় কমিটির সভাপতি জয়নুল আবেদীন খান। ১১ দিনব্যাপী অনুষ্ঠানের উদ্বোধনী অনুষ্ঠানটি অমর একুশের পাদদেশে অনুষ্ঠিত হয়। ওইদিন অনুষ্ঠানসূচিতে ছিল আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আগে আলোক প্রজ্জ্বলন করে ক্যাম্পাসের বিভিন্ন সাংস্কৃতিক সংগঠন, মানবাধিকার সাংবাদিক ফেরাম ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষকসহ অনেকে। আলোচনা অনুষ্ঠানে বক্তব্য রাখেন ছাত্র ইউনিয়ন জা.বি শাখার সাবেক সভাপতি অর্থনীতি বিভাগের অধ্যাপিকা ডালিয়া শরমিন্দ নিলোর্মি, বুয়েটের সভাপতি পলাশ-বসাক, কেন্দ্রীয় সাধারণ সম্পাদক নূর আলম, সাবেক কেন্দ্রীয় সভাপতি জয়নুল আবেদীন খান ও জা.বি শাখার সভাপতি মনিরুল ইসলাম। আলোচনা অনুষ্ঠান শেষে সঙ্গীত পরিবেশন করেন সাংস্কৃতিক সংসদের কর্মীরা। এছাড়া সামবার বিশ্ববিদ্যালয়ের কলাভবনে দয়ালিকা উন্মোচন ও জাবির বিভিন্ন ম্যান্ডালনের ওপর পেপার কাটিং প্রদর্শন করা হয়। এছাড়া আজ অনুষ্ঠানের অংশ হিসেবে রয়েছে জা.বি আমাদের প্রত্যাশা ও যান্ত্রিক আলোচনা সভা এবং এরপর রয়েছে জাহাঙ্গীরনগর থিয়েটারের নির্দেশনায় নাটক 'রিসার্চ'।